



রাজশাহী ডায়াবেটিক এসোসিয়েশন RAJSHAHI DIABETIC ASSOCIATION

ফোন : ৭৭৪২৩৭
৮১২৪০৫


ঝাউতলা, লক্ষ্মীপুর, রাজশাহী-৬০০০

স্মারক নং : রাডাএ/রাজ/ফ্রি ক্যাম্প/১৫০/২০১৭

তারিখ : ১১/১০/১৭

বরাবর
অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী

জগদীশ সিং


১১/১০/১৭

বিষয় : ডায়াবেটিস সনাক্তকরণের জন্য ফ্রি ক্যাম্প প্রসঙ্গে অবহিতকরণ পত্র।


জনাব

আসসালামু আলাইকুম।

আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ডায়াবেটিস নামক ব্যাধিটি একটি নীরব ঘাতক। এ রোগ সম্বন্ধে এখনই সচেতন না হলে ২০৩০ সাল নাগাদ তা মহামারী আকার ধারণ করতে পারে। এ রোগের চিকিৎসা, এর ভয়াবহতা সম্বন্ধে জনগণকে সচেতন এবং এর আনুষঙ্গিক জটিলতাগুলির বিষয়ে জনগণকে সম্যক ধারণা প্রদান এবং ডায়াবেটিস চিকিৎসা জনগণের দৌরগোড়ায় পৌছানোর লক্ষ্যে রাজশাহী ডায়াবেটিক এসোসিয়েশন রাজশাহী শহরের প্রাণকেন্দ্র মালোপাড়া (ডা. সুলতান আহমেদ সাহেবের বাসার নিচতলায়), সাহেব বাজার, রাজশাহীতে একটি উপকেন্দ্র স্থাপন করেছে। এ উপকেন্দ্রে প্রধান কেন্দ্রের সকল সুযোগ সুবিধা বিদ্যমান আছে। এই সাহেব বাজার উপকেন্দ্রে আগামী ১৫/১০/২০১৭ তারিখ হতে ১৯/১০/২০১৭ তারিখ পর্যন্ত ডায়াবেটিস সনাক্তকরণের জন্য ফ্রি ক্যাম্প অনুষ্ঠিত হবে। উক্ত ফ্রি ক্যাম্প হতে আপনার প্রতিষ্ঠানের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণকে ফ্রি ডায়াবেটিক সনাক্তকরণ করার সুবিধা গ্রহণ করার জন্য আপনার মাধ্যমে অনুরোধ জানানো হলো।

অতএব, উক্ত ফ্রি ক্যাম্প হতে ডায়াবেটিস সনাক্তকরণ করে এ রোগের মহামারীর হাত হতে দেশকে রক্ষা করার জন্য উদাত্ত আহ্বান জানানো হচ্ছে।

ধন্যবাদান্তে


১১/১০/১৭

প্রফেসর ডা. মামুন উর রশীদ

সাধারণ সম্পাদক

রাজশাহী ডায়াবেটিক এসোসিয়েশন